
# ঈদে মুক্তির অপেক্ষায় যেসব সিনেমা

*দেশে সিনেমা মুক্তির উপলক্ষ্য দুই ঈদ। প্রতি বছর ঈদে দেশের প্রেক্ষাগৃহে একসঙ্গে মুক্তি পায় একাধিক সিনেমা। ঈদের ছুটিতে দেশের প্রেক্ষাগৃহে তুলনামূলক দর্শকের আনাগোনা বেড়ে যায় বছরের অন্য সময়ের চাইতে। এ কারণেই এ সময় সিনেমা মুক্তির তালিকা বেশ বড় থাকে। প্রায় সকল নির্মাতা ঈদকে কেন্দ্র করে সিনেমা নির্মাণ করে থাকেন। ঈদে মুক্তির অপেক্ষায় থাকা সিনেমা নিয়ে এবারের আয়োজন। বিস্তারিত জানাচ্ছেন* ***সীমান্ত।***

## রাজকুমার - হিমেল আশরাফ

ঈদ মানেই শাকিব খানের সিনেমা। প্রতি ঈদেই ঢাকাই সিনেমার জনপ্রিয় নায়ক শাকিব খানের নতুন সিনেমা মুক্তি পায়। এবারের ঈদে শাকিব খান অভিনীত 'রাজকুমার' সিনেমা মুক্তি পাচ্ছে। বিগ বাজেটের সিনেমাটি নিয়ে ইতিমধ্যে ঢালিউড পাড়ায় শুরু হয়েছে আগ্রহ। সিনেমাটি পরিচালনা করেছেন 'প্রিয়তমা'খ্যাত নির্মাতা হিমেল আশরাফ। শাকিব খানের সঙ্গে নির্মাতার দ্বিতীয় সিনেমা এটি। সিনেমায় শাকিব খানের বিপরীতে দেখা যাবে যুক্তরাষ্ট্রের কোর্টনি কফিকে। প্রথমবার বাংলাদেশি ছবিতে অভিনয় করতে যাচ্ছেন কোর্টনি কফি। তিনি মার্কিন টিভি সিরিয়ালের অভিনেত্রী। ছবিতে শাকিব খানের বাবার চরিত্রে অভিনয় করেছেন গুণী অভিনয়শিল্পী তারিক আনাম খান। সিনেমার গল্প ও চিত্রনাট্য হিমেল আশরাফের। ঢাকা, পাবনা, কুষ্টিয়া, মানিকগঞ্জ, টাঙ্গাইল, গাজীপুর, বান্দরবান জেলার পাশাপাশি ভারত ও যুক্তরাষ্ট্রে শুটিং হয়েছে সিনেমাটির। শুধু বাংলাদেশ নয় সিনেমাটি একসাথে মুক্তি দেওয়া হবে যুক্তরাষ্ট্র, লন্ডন, মধ্যপ্রাচ্য, কানাডা, ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে।







## ওমর - মোস্তফা কামাল রাজ

নির্মাতা মুহাম্মদ মোস্তফা কামাল রাজ নতুন সিনেমা নির্মাণ করেছেন। দীর্ঘদিন পর তার পরিচালিত সিনেমা দেখতে পাবে দর্শকেরা। মোস্তফা কামাল নির্মিত পঞ্চম সিনেমা 'ওমর' মুক্তি পাচ্ছে এবারের ঈদে। সিনেমায় ওমর চরিত্রে অভিনয় করেছেন শরীফুল রাজ। নায়িকা হিসেবে রয়েছেন ভারতীয় অভিনেত্রী দর্শনা বণিক। সিনেমায় কাস্টিংয়ে চমক রেখেছেন নির্মাতা। মুখ্য চরিত্রে অভিনয় করেছেন গুণী অভিনয়শিল্পী শহীদুজ্জামান সেলিম, ফজলুর রহমান বাবু ও নাসিরউদ্দিন খান। যাদের অভিনয় দেখার জন্য জন্য মুখিয়ে থাকে দর্শক। বিশেষ এক চরিত্রে দেখা যাবে এরফান মৃধা শিবলুকে। এতে আরো অভিনয় করেছেন রোজী সিদ্দিকী, আয়মান সিমলা প্রমুখ। থ্রিলার ও টানটান উত্তেজনায় ভরা গল্পে নির্মিত 'ওমর' সিনেমার চিত্রনাট্য লিখেছেন সিদ্দিক আহমেদ। মুহাম্মদ মোস্তফা কামাল রাজ ৪টি সিনেমা নির্মাণ করেছেন। সিনেমাগুলো হলো - প্রজাপতি, তারকাটা, সম্রাট, যদি একদিন। তিনটি সিনেমা বিভিন্ন ক্যাটাগরিতে জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করে। পাশাপাশি প্রতিটি ছবির কোনো না কোনো গান দর্শকনন্দিত হয়েছে।




## কাজলরেখা - গিয়াস উদ্দিন সেলিম

ময়মনসিংহের প্রাচীন পালাগান সংকলন 'মৈমনসিংহ গীতিকা' অবলম্বনে 'কাজলরেখা' সিনেমা নির্মাণ করছেন গিয়াস উদ্দিন সেলিম। 'মনপুরা' খ্যাত নির্মাতা সেলিম ভিন্নধর্মী এক সিনেমা নির্মাণ করেছেন। ৪০০ বছরের পুরানো গল্পে নির্মিত হয়েছে সিনেমাটি। ৪০০ বছর আগের রূপে দেখা মিলেছে অভিনয়শিল্পীদের। এটিকে মিউজিক্যাল ফিল্মও বলা যায়। সিনেমার সংগীতায়োজন করেছেন ইমন চৌধুরী। তার সুর ও সংগীতে মোট ২৪টি গান আছে। 'কইন্যা আঁকে গো আলপনা' গানটি প্রকাশ পাওয়ার পর শ্রোতাদের মাঝেও বেশ সাড়া ফেলে। কাজলরেখার নাম ভূমিকায় অভিনয় করেছেন মন্দিরা চক্রবর্তী। 'কাজলরেখা' সিনেমা দিয়ে বড় পর্দায় অভিষেক হচ্ছে এই অভিনেত্রীর। সুচ কুমারের চরিত্রে দেখা যাবে শরিফুল রাজকে। কঙ্কণ দাসীর খলচরিত্রে অভিনয় করেছেন রাফিয়াথ রশিদ মিথিলা। ছোট পর্দার পরিচিত মুখ সাদিয়া আয়মানের সিনেমায় অভিষেক হচ্ছে এ ছবিতে অভিনয় করার মাধ্যমে। বিভিন্ন চরিত্রে আরও আছেন ইরেশ যাকের, আজাদ আবুল কালাম, খায়রুল বাশারসহ অনেকে। মুক্তির তারিখ আগে বেশ কয়েকবার দেওয়া হলেও বার বার পিছিয়েছে।

## মেঘনা কন্যা

ফুয়াদ চৌধুরী

প্রথমবারের মতো পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেছেন তথ্যচিত্র নির্মাতা ফুয়াদ চৌধুরী। ২০২৩ সালে সিনেমার শুটিং শুরু হয়। সিনেমায় দুই নারীর প্রতিবাদের গল্প তুলে ধরেছেন পরিচালক। ব্যক্তি দ্বন্দ্বের কঠিন বিষয়কে অত্যন্ত সাবলীলভাবে তুলে ধরার চেষ্টা করেছেন। 'মেঘনা কন্যা' সিনেমার গল্প - নারী পাচারের মতো একটি কঠিন বিষয়কে কেন্দ্র করে। নারী পাচারের বিষয়টি উপস্থাপনের পাশাপাশি গ্রামীণ পটভূমিতে বলা এ গল্পে রয়েছে দর্শকদের জন্য পর্যাপ্ত বিনোদন। ফুয়াদ চৌধুরী এর আগে নির্মাণ করেছেন বেশ কিছু তথ্যচিত্র। যেগুলো দেশে ও বিদেশে হয়েছে প্রশংসিত, পেয়েছে পুরস্কার। সিনেমার চিত্রনাট্য করেছেন ফাহমিদুর রহমান ও আহমেদ খান। অভিনয় করেছেন ফজলুর রহমান বাবু, শতাব্দী ওয়াদুদ, সাজ্জাদ হোসেইন, কাজী নওশাবা প্রমুখ। সিনেমার সংগীতায়োজন করেছেন সংগীতশিল্পী শারমিন সুলতানা সুমি।



## দেয়ালের দেশ

মিশুক মনি

এবারের ঈদটা বলা যায় শরিফুল রাজের। একটি দুইটি না তিন তিনটি সিনেমা মুক্তি পাচ্ছে তার। তরুণ নির্মাতা মিশুক মনি প্রথমবারের মতো সিনেমা নির্মাণ করেছেন। ইতিপূর্বে বেশকিছু বিজ্ঞাপন নির্মাণ করেছেন তিনি। 'দেয়ালের দেশ' নামের সিনেমায় মূল চরিত্রে অভিনয় করেছেন শরিফুল রাজ ও বুবলী। প্রথমবারের মতো এই জুটিকে দেখা যাবে বড় পর্দায়। আরও অভিনয় করেছেন আজিজুল হাকিম, সাবেরী আলম, স্বাগতা, শাহাদাত হোসেন প্রমুখ। পরিচালনার পাশাপাশি সিনেমার কাহিনি ও চিত্রনাট্য লিখেছেন মিশুক মনি। সিনেমার গল্প দুটি সময়কে কেন্দ্র করে এগিয়েছে। সিনেমার টিজার আর ট্রেলার দেখে খানিকটা আঁচ করা যায় মর্গে কাজ করা শরিফুল রাজের সঙ্গে ঘটতে থাকা নানা গল্প নিয়ে টানটান উত্তেজনায় ভরা গল্পের। ট্রেলারে যেরকম গল্পের আভাস দিয়েছেন নির্মাতা বলাই শ্রেয় ঈদের অন্যতম সেরা গল্পনির্ভর সিনেমা হওয়ার রেসে এগিয়ে আছে 'দেয়ালের দেশ'। সরকারি অনুদানে নির্মিত হয়েছে সিনেমাটি। অনুদানের সিনেমা নিয়ে যে ট্যাবু সৃষ্টি হয়েছে, সেটা ভেঙে দেবে দেয়ালের দেশ।

